উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

## আগস্ট ২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
সভার তারিখ : ২৯ আগস্ট ২০২২ খ্রি:।
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ উপজেলায় প্রতিটি ওয়ার্ড-এ বুস্টার ডোজ টিকার লক্ষ্যমাত্রা সফলভাবে অর্জিত হয়েছে (১ম ডোজ ৮০% এবং ২য় ডোজ ৮৫%)। কালাজ্বর নিমূলের লক্ষে কালাজ্বর আক্রান্ত রোগীদের বহমূল্যে ঔষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যসেবার মান নিশ্চিতকরণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, খরিপ-২ মৌসুমে মাদারগঞ্জ উপজেলাতে বিভিন্ন জায়গায় কিছু সংখ্যক অসাধু লাইসেন্সবিহীন সার ও কীটনাশক ব্যবসায়ী সারের কৃত্রিম সংকট সৃষ্টি করায় তাদেরকে মোবাইল কোর্টের আওতায় আনা হয়েছে এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যগণ সর্বদা বাজার মনিটরিং কাজে তৎপর আছে। বর্তমানে মাদারগঞ্জ উপজেলায় খরিপ-২ মৌসুমে সারের কোন সংকট নেই। তাছাড়া তিনি আরও বলেন, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত উপজেলা কৃষি অফিস ভবনটি নির্মাণকালের পর থেকে জরাজীর্ণ হওয়ায় এবারের প্লাস্টারসহ রংকরণ করা হয়েছে। যা ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকার বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যদের তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্লাস্টারসহ রংকরণ করার বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর।<br>২। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচি এডিপির আওতায় ১ম কিস্তিতে এ উপজেলায় বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ব্যয়ের নির্দেশিকা অনুযায়ী বিভাজন করে প্রকল্প গ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করা হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা কর্মসূচি এডিপির আওতায় ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থ প্রকল্প গ্রহণের মাধ্যমে নির্দেশিকা মোতাবেক দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর দাখিলকৃত চলতি আগস্ট/২০২২ মাসে তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নরূপ:<br>রাজস্ব আদায় = ২২,৩৫০/-<br>চিকিৎসা (গবাদি পশু) =৪৬৫৭ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ৪৩৭৮৩ টি,<br>কৃত্রিম প্রজনন = ৭৪৫ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩১১ টি।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় পোনা মাছ অবমুক্ত কার্যক্রমের ১০-১৫ সে.মি আকারের পোনা মাছ মাদারগঞ্জ উপজেলাধীন ০৯ টি পুকুরে অবমুক্ত করা হয়েছে এবং ২২ জন মৎস্যচাষীকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান হয়। তাছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিমিত্ত অভিযান পরিচালনা চলমানসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে আগস্ট/২০২২ মাসে স্থায়ী বন্ধ্যাকরণ-০০ জন, আইইউডি-০৫ জন, ইমপ্লান্ট-১৩৫ জন, ইনজেকশন-৬৪২ ভায়েল, খাবার বড়ি (সুখী)-১০৫৪৬ চক্র, কনডম-১০৫৮০ পিছ, ইসিসি-১৯ জন এবং প্রতিষ্ঠানিক ডেলেভারী-১৭ জন। তিনি আরও বলেন সিধুলী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুন: নির্মাণ এর পরিবর্তে চরপাকেরদহ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নতুন করে নির্মাণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সিধুলী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বিল্ডি এর গুনগতমান ভাল থাকায় পুন: নির্মাণের প্রস্তাব বাতিল করত: চরপাকেরদহ ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ উপজেলায় ছাত্রছাত্রীদের ইউনিক আইডির কার্যক্রম চলমান আছে এবং সেপ্টেম্বর/২০২২ মাস হতে সারা বাংলাদেশে এসএসসি/সমমান পরিক্ষা অনুষ্ঠিত হবে। তাই এ উপজেলায় সুষ্ঠু, সুন্দর এবং নকলমুক্ত পরিবেশে ছাত্র-ছাত্রীবৃন্দ যাতে নির্বিঘ্নে পরিক্ষা দিতে পারে এ বিষয়ে উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি আগস্ট/২০২২ মাসের-<br>১. অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি খাতে বিভিন্ন স্তরের ৫৫ জন শিক্ষার্থীর তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়েছে।<br>২. রোগী কল্যান সমিতির আওতায় দরিদ্র অসহায় রোগীদের মাঝে বিনামুল্যে ঔষুধ বিতরণ করা হচ্ছে।<br>৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম অব্যাহত আছে।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত PRDP-3 প্রকল্পের বরাদ্দ পাওয়া যায়নি। চলতি মাসে ১,৯৫,০০০/-(এক লক্ষ পঁচানব্বর হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান, আদায় ২৯,০০০/-(উনত্রিশ হাজার) টাকা, খেলাপী ঋণ আদায় ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা, সঞ্চয় ৬,০০০/- টাকা আদায় করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে সারাদেশে গ্রামীন জনপথ উন্নয়ন এবং যোগাযোগ সহজতর করার লক্ষ্যে সকল গ্রামীণ মাটির রাস্তা নির্মাণ করে আসছে এবং নির্মিত সকল পাকা ও কাঁচা রাস্তাসমূহ প্রাথমিক ভিত্তি গড়ে দেয়া হয়েছে কাবিখা/কাবিটা/টিআর/ইজিপিপি প্রকল্পের মাধ্যমে। ২০১৯ সাল হতে নির্মিত রাস্তাসমূহ আইডিভূক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করে পরবর্তীতে দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০১-০২-২০২২ খ্রি: তারিখে ৫১.০১.০০০০ .০১১.১৪. ১৫৩.১৯.৩৭ নং স্মারক মূলে নির্মিত রাস্তাসমূহ আইডিভূক্তি করে অনুমোদন পূর্বক তালিকা জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করেছেন। উক্ত পত্রের আলোকে এ উপজেলায় ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নির্মিত গ্রামীণ রাস্তাসমূহ ইউনিয়ন চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে তালিকা প্রস্তুত করত: | সভায় বিস্তারিত আলোচনান্তে গ্রামীন মাটির কাঁচা রাস্তাগুলো আইডিভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ,জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, এ উপজেলায় এলজিইডি কর্তৃক কোন গ্রামীন মাটির/কাঁচা রাস্তা আইডিভূক্ত করার প্রস্তাব গ্রহণ করলে উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন এবং দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়কে অনুরোধ করেন এবং মাদারগঞ্জ উপজেলার সকল মাটির রাস্তা দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বিধায় অত্র মন্ত্রণালয়ের আইডিভুক্ত করার কার্যক্রমে সকল দপ্তরকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক ভ্রাম্যমান প্রশিক্ষণের কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হবে। তাছাড়া ঋন আদায় এবং বিতরণ কার্যক্রম চলমানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় দুটি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: রয়েছে। উক্ত সমিতির অনুকূলে ২(দুই) কোটি ৪০ (চল্লিশ লক্ষ) টাকা ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া সমিতিতে ২০০ জন সফলভোগী রয়েছে। উক্ত সমিতিতে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের আগস্ট/২০২২ মাসের কার্যক্রমসমূহ :<br>১। ভিজিডি : আগস্ট/২২ মাসের ভিজিডি ডি.ও প্রদান করা হয়নি।<br>২। মাতৃত্বকালীন ভাতা : মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম চলমান আছে।<br>৩। প্রশিক্ষণ : WTC ও IGA প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>৪। ল্যাকটেটিংক মাদার সহায়তা তহবিল : উক্ত কর্মসূচির আওতায় মাদারগঞ্জ পৌরসভায় কার্যক্রম চলমান আছে।<br>৫। ক্লাব : কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে।<br>অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, আসন্ন শারদীয় দূর্গাপূজা/২০২২ সামনে রেখে বাংলাদেশ আনসার বাহিনী প্রতি বছরের ন্যায় এবারও প্রত্যেকটি পূজামন্ডপে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পূজা মন্ডপে দায়িত্ব পালন করবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপ সহকারি পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে নাবী পাট বীজ উৎপাদন কার্যক্রম চলমান আছে। তাছাড়া সেপ্টেম্বর/২০২২ মাসে প্রকল্পভূক্ত ২০০ জন চাষীর মাঝে ভিত্তি তোষা-৮ পাটবীজ ও রাসায়নিক সার বিনামূল্যে বিতরণ করা হবে।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের দপ্তরের আগস্ট/২০২২ মাসের<br>ঋণ বিতরণ : ৫৫.০০ লক্ষ টাকা<br>আদায় : ৬৫.০০ লক্ষ টাকা<br>আদায়ের হার : ৯৮%<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ,জামালপুর। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ,জামালপুর সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে মোসলেমাবাদ জিলানী ডাক্তারের বাড়ী হতে জোনাইল ফকিরবাড়ী পর্যন্ত ০২ (দুই) কি.মি. রাস্তায় ষ্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের আগস্ট/২০২২ মাসের<br>MF ঋণ বিতরণ : ৫৬,২০,০০০/- লক্ষ টাকা<br>আদায় : ৫৭,৪৭,৯৬৭/- লক্ষ টাকা<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, আগস্ট/২০২২ মাসে-<br>১। মহড়ার কার্যক্রম চলমান আছে।<br>২। গণসংযোগ কার্যক্রম চলমান আছে।<br>৩। অগ্নি নির্বারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে।<br>তাছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ না পাওয়ায় ডোর টু ডোর উঠান বৈঠক কার্যক্রম বন্ধ আছে। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে পূর্বের ধারাবাহিকতায় ডোর টু ডোর উঠান বৈঠক কার্যক্রম গ্রহণ করা হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট সমিতির আওতায় ০২ জন সামর্থবান ইমামকে সুদমুক্ত ঋণ বিতরণ করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ পাওয়ার জন্য উপজেলা মূল্যায়ন করা হবে। তাই এ বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ও স্ব স্ব ইউপি চেয়ারম্যানগণকে স্ব স্ব ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৭. | বিবিধ | জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, আসন্ন শারদীয় দুর্গাপূজা/২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষে মাদারগঞ্জ উপজেলায় সম্ভাব্য পূজামন্ডপের তালিকা হতে অতিগুরুত্বপূর্ণ ০৮ টি পূজামন্ডপের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এ খাতে উক্ত সিসি ক্যামেরা স্থাপনের ব্যয় মিটানোর জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে প্রকল্প গ্রহণের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্তটি সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জকেঅনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৮-০৮.২০২২

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৮৭২(৪০)

তারিখ ঃ ২৯ আগস্ট ২০২২ খ্রি

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

Bangladesh

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৩১.০০১.২০-৮৩১(৫০)

তারিখ : ০৭ ভাদ্র ১৪২৯
২২ আগস্ট ২০২২খ্রি:।

## বিজ্ঞপ্তি

আগস্ট ২০২২ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লেখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৯-০৮-২০২২ খ্রি: | সকাল : ১১.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৯-০৮-২০২২ খ্রি: | দুপুর : ১২.০০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৯-০৮-২০২২ খ্রি: | দুপুর: ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৯-০৮-২০২২ খ্রি: | দুপুর : ১২.১৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৯-০৮-২০২২ খ্রি: | দুপুর ১২.২০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৯-০৮-২০২২ খ্রি: | দুপুর: ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

উল্লেখ্য যে, দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিংয়ের রেজুলেশন ২৮-০৮-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

প্রাপকঃ ১। উপজেলা.......................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..............................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। আলহাজ মির্জা আজম, মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩ ও উপদেষ্টা উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।
২। জেলাপ্রশাসক, জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৯ আগস্ট ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের হাজিরা।

| ক্রমিক নং | নাম ও পদবী (জনপ্রতিনিধি) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | জনাব, মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০২। | " হুমায়ন কবির, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৩। | জনাব সামসাদ আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৪। | জনাব মো: মির্জা গোলাম কিবরিয়া কবির, মেয়র মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৫। | চেয়ারম্যান, ১নং চরপাকেরদহ ইউপি, মাদারগঞ্জ। | |
| ০৬। | " ২নং কড়ইচূড়া ইউপি, মাদারগঞ্জ। | |
| ০৭। | " ৩নং গুনারীতলা ইউপি, মাদারগঞ্জ। | ২৯/০৮/২২ |
| ০৮। | " ৪নং বালিজুড়ী ইউপি, মাদারগঞ্জ। | |
| ০৯। | " ৫নং জোড়খালী ইউপি, মাদারগঞ্জ। | |
| ১০। | " ৬নং আদারভিটা ইউপি, মাদারগঞ্জ। | ২৯/০৮/২২ |
| ১১। | " ৭নং সিধুলী ইউপি, মাদারগঞ্জ। | |
| ১২। | জনাব মোছা: শিরিনা বেগম, সংরক্ষিত সদস্য ১নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ। | |
| ১৩। | " " শেফালী বেগম, সংরক্ষিত সদস্য ৩নং ওয়ার্ড, উপজেলা পরিষদ মাদারগঞ্জ। | |
| ১৪। | জনাব বাবু অরুণ কুমার সাহা, চেয়ারম্যান ইউ.সি.সি.এ.লি. মাদারগঞ্জ জামালপুর। | |
| ১৫। | কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ মাদারগঞ্জ, জামালপুর। | ২৯/০৮/২২ |

| ক্রমিক নং | পদবী (অফিসিয়াল) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৫। | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৬। | উপজেলা মৎস্য অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৭। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৮। | উপজেলা সমাজসেবা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০৯। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১০। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১১। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৪। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৫। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৬। | উপজেলা পরিসংখ্যান অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৭। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর। | ২৯/০৮/২২ |
| ১৮। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৯। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২০। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২১। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২২। | ফরেস্টার, বনবিভাগ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২৩। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ। | |
| ২৪। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, মাদারগঞ্জ। | |
| ২৫। | তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২৬। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ। | |
| ২৭। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউ: মাদারগঞ্জ। | ২৯/০৮/২২ |